

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

প্রেস বিজ্ঞপ্তি

সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে দাখিলকৃত আয়কর রিটার্ন অডিটের জন্য বাছাইকরণ বিষয়ক প্রকাশিত খবরের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের বক্তব্য

গত ১৭/০৫/২০০৮ইং তারিখে দৈনিক ইত্তেফাক পত্রিকার ৪র্থ পৃষ্ঠায় “রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপনে বিভ্রান্তি করদাতারা আতঙ্কিত” শীর্ষক শিরোনামে প্রকাশিত খবরের প্রতি জাতীয় রাজস্ব বোর্ডের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-জারাবো/কর-৭/আঃআঃবি/৮২বিবি(অডিট)/২০০৭-২০০৮/১০৪, তারিখ- ০৮/০৫/২০০৮ইং এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৮২বিবি এর আওতায় ২০০৭-০৮ কর বছরের সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে দাখিলকৃত আয়কর রিটার্ন অডিটের জন্য বাছাই প্রসঙ্গে ২৪/০৪/২০০৮ইং তারিখে জারীকৃত জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-জারাবো/কর-৭/আঃআঃবি/৮২বিবি(অডিট)/২০০৭-২০০৮/৯৮ এর কার্যকারিতা স্থগিত করা হয়েছে। সুতরাং এই বিষয়ে কারো কোন বিভ্রান্তির অবকাশ নেই।

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
Website: <http://www.nbr-bd.org>